
MetLife
মাই চাইল্ড'স
এডুকেশন
প্রটেকশন প্ল্যান
সর্বোচ্চ ২০ বছরের কভারেজ
আংশিক মেয়াদপূর্তি সুবিধা
বোনাসসহ মেয়াদপূর্তি সুবিধা
ডেথ কভারেজ
ফেস অ্যামাউন্ট-এর ২% মাসিক আয় সুবিধা
প্রিমিয়াম মওকুফ সুবিধা
আগলে রাখি আগামী

# মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান

প্রত্যেক বাবা-মা চান তাদের আদরের সন্তান উচ্চশিক্ষায় শিক্ষিত হোক, যেন তারা তাদের জীবনে সফলতা অর্জন করে একটি উন্নত জীবনযাপন নিশ্চিত করতে পারে।

অথচ, আমাদের দেশের অনেক অভিভাবকই সঠিক আর্থিক পরিকল্পনার অভাবে অথবা আকস্মিক দুর্ঘটনার কারণে তাদের সন্তানের জন্য উচ্চশিক্ষার ব্যবস্থা করতে ব্যর্থ হন।

তবে, কেমন হতো যদি কোনোরকম অর্থের ঘাটতি এবং কোনোরকম ঝুঁকি ছাড়াই আপনার সন্তানের স্বপ্নের উচ্চশিক্ষা নিশ্চিত করা যেত? কেমন হতো যদি আপনি আপনার সন্তানের জন্য এমন একটি ভবিষ্যৎ পরিকল্পনা করলেন যেন আপনার অবর্তমানেও আপনার সন্তানের উচ্চশিক্ষা, উন্নত জীবনযাপন নিশ্চিত থাকে? মেটলাইফ বাংলাদেশ আপনার জন্য নিয়ে এসেছে একটি আদর্শ জীবনবীমা পলিসি **"মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান"**। যেখানে আপনি পাচ্ছেন আপনার সন্তানের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করার মাধ্যমে তাদেরকে আর্থিক অনিশ্চয়তা থেকে রক্ষা করার পাশাপাশি সন্তানের উচ্চশিক্ষার স্বপ্নপূরণের সুযোগ।

## মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান কী?

**মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান** হলো একটি জীবনবীমা পলিসি যা আপনার অবর্তমানেও আপনার সন্তানের ভবিষ্যৎ আর্থিক সুবিধা নিশ্চিত করে। আপনার সাথে যদি কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে তাহলে, কেবলমাত্র মাসিক সঞ্চয় সন্তানের ক্রমবর্ধমান উচ্চশিক্ষার খরচ মেটানোর জন্য হয়তো যথেষ্ট হবে না। **মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান**- এ আপনি পাচ্ছেন আপনার সন্তানের শিক্ষার চাহিদা, আপনার বর্তমান আর্থিক পরিস্থিতি এবং অন্যান্য আর্থিক লক্ষ্যের উপর ভিত্তি করে বিনিয়োগ করার সুযোগ। এই বীমা কভারেজ এর সময়কাল ১২ থেকে ২০ বছর পর্যন্ত। এই বীমা পলিসিটি এমনভাবে ডিজাইন করা হয়েছে যেন আপনার সন্তানের যেকোনো উচ্চশিক্ষার স্বপ্ন পূরণে সহায়ক হিসেবে কাজ করে।

# এক নজরে মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান


| | |
|---|---|
| **পলিসি নেওয়ার বয়স** | **সন্তানঃ সর্বনিম্ন** – ৩০ দিন, **সর্বোচ্চ** – ১৫ বছর।<br>**অভিভাবকঃ সর্বনিম্ন** – ২১ বছর, **সর্বোচ্চ** – ৫৫ বছর।<br>তবে, আপনার সন্তানের বয়স এবং পলিসি মেয়াদের যোগফল ২৭ বছরের বেশি হতে পারবে না। |
| **ফেস অ্যামাউন্ট** | **সর্বনিম্নঃ** ২,০০,০০০ টাকা<br>**সর্বোচ্চঃ** গ্রাহক যেকোনো পরিমাণ বীমা সুবিধার জন্য আবেদন করতে পারবেন তবে ব্যক্তির সর্বোচ্চ অনুমোদনযোগ্য পরিমাণ কোম্পানির অবলিখন নীতিমালা সাপেক্ষে নির্ধারিত হবে। |
| **প্রিমিয়াম প্রদানের ধরণ** | মাসিক/ত্রৈমাসিক/অর্ধ-বার্ষিক/বার্ষিক। তবে মাসিক প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে প্রিমিয়াম ২৫০০ টাকার কম হলে, ইএফটি ডেবিট প্রযোজ্য হবে। |
| **কভারেজ সময়কাল** | **সর্বনিম্নঃ** ১২ বছর, **সর্বোচ্চঃ** ২০ বছর। |
| **প্রিমিয়াম প্রদানের সময়কাল** | কভারেজ পিরিয়ড থেকে ২ বছর কম। |
| **মৃত্যুজনিত আর্থিক সুরক্ষা** | **পলিসি গ্রহীতার মৃত্যুতেঃ**<br>দুর্ভাগ্যজনকভাবে পলিসি গ্রহীতার মৃত্যু হলে, সুবিধাগ্রাহীকে নিম্নে বর্ণিত সুবিধাগুলি প্রদান করা হবে-<br>- কোন দায় থাকলে তা বাদ দিয়ে এককালীন প্রদেয় হিসেবে ফেস অ্যামাউন্ট এর ১০০%।<br>- সন্তানের শিক্ষা অব্যাহত রাখতে পলিসির মেয়াদপূর্তির একমাস আগ পর্যন্ত প্রতিমাসে ফেস অ্যামাউন্ট এর ২% হারে সুবিধা প্রদান করা হবে।<br>- কভারেজ সময়কাল পর্যন্ত পলিসি চলমান থাকবে, এই পলিসির অন্তর্ভুক্ত পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ করা হবে এবং নিম্নোক্ত মেয়াদপূর্তি সুবিধা থাকবে।<br>**সন্তানের মৃত্যুতেঃ**<br>দুর্ভাগ্যজনকভাবে বীমাকৃত সন্তানের মৃত্যু হলে, পলিসির শর্তাবলি অনুযায়ী এই পলিসির অধীনে গ্রাহক কর্তৃক প্রদত্ত প্রিমিয়ামসমূহ বা বেসিক ক্যাশ ভ্যালুর মধ্যে যেটি বড় সেটি এবং জমাকৃত বোনাসসমূহের* যোগফল হতে যেকোনো দায় বিয়োগ করে প্রদান করা হবে। |
| **পলিসির মেয়াদপূর্তিতে সুবিধা** | - প্রিমিয়াম প্রদানের মেয়াদ শেষে কোন দায় থাকলে তা বাদ দিয়ে ফেস অ্যামাউন্ট এর ৫০% প্রদান করা হবে।<br>- পলিসির মেয়াদপূর্তিতে কোন দায় থাকলে তা বাদ দিয়ে অর্জিত বোনাসসহ* ফেস অ্যামাউন্ট এর বাকি ৫০% প্রদান করা হবে। |

*প্রদেয় টার্মিনাল বোনাস সর্বশেষ ঘোষণাকৃত বোনাস রেট অনুযায়ী নির্ধারণ করা হবে।

## পলিসির মূল সুবিধা

**মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান** এর মাধ্যমে আপনি পাচ্ছেন আপনার সন্তানের উচ্চশিক্ষা নিশ্চিত করার সুযোগ, আপনার বর্তমানে কিংবা অবর্তমানে। দুর্ভাগ্যজনকভাবে আপনার মৃত্যু হলে, কোন দায় থাকলে তা বাদ দিয়ে আপনার সুবিধাগ্রাহীকে ফেস অ্যামাউন্ট এর ১০০% প্রদান করা হবে এবং সেই সাথে মেয়াদপূর্তির একমাস আগ পর্যন্ত তাকে প্রতিমাসে ফেস অ্যামাউন্ট এর ২% শিক্ষা খরচ বাবদ প্রদান করা হবে। পলিসির মেয়াদপূর্তি পর্যন্ত বাকি সকল প্রিমিয়াম মওকুফ করা হবে এবং মেয়াদপূর্তি সুবিধা প্রদান করা হবে।

## গ্রাহকগণ এই পলিসির মাধ্যমে আরও পাচ্ছেন



### আয়কর রেয়াত:

এই পলিসিতে বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশের আইন অনুযায়ী আপনি প্রযোজ্য হারে ইনকাম ট্যাক্স রিবেইট বা রেয়াতের জন্য মনোনীত হবেন যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনি আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন।

### বিভিন্ন মেডিক্যাল এবং ডায়াগনস্টিক সেবায় ছাড়:

আমাদের সকল গ্রাহক আমাদের মেডিক্যাল নেটওয়ার্কে অন্তর্ভুক্ত বিভিন্ন হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারে মেডিক্যাল ও ডায়াগনস্টিক সেবায় পাচ্ছেন ৪০% পর্যন্ত ছাড়। এই কভারেজ এর অধীনে থাকা বিভিন্ন হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারের বিস্তারিত তালিকা দেখতে ভিজিট করুন এই লিংকে-

www.metlife.com.bd/support/life-card/life-card-discount-providers-list/

### উপভোগ করুন 360হেলথ সেবা:

এই পলিসিটি কিনলে আপনি পাচ্ছেন 360হেলথ সেবা। এটি একটি পরিপূর্ণ ডিজিটাল স্বাস্থ্য সুরক্ষা অ্যাপ যা আপনাকে এবং আপনার পরিবারকে স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও সেবা প্রদানের ব্যবস্থা করতে পারে। এই অ্যাপটি স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রদান এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ করার মাধ্যমে আমাদের গ্রাহকদের একটি সুস্থ ও সুন্দর জীবনযাপনে সহায়তা করে। 360হেলথ বিভিন্ন তথ্য সংগ্রহ করার মাধ্যমে যেকোনো রোগের প্রতিরোধ, প্রাথমিক শনাক্তকরণ, উন্নত চিকিৎসা এবং আর্থিক ব্যবস্থাপনাসহ আপনার সকল সুরক্ষার বিষয়ে একটি কার্যকরী অ্যাপ। অ্যাপটি ডাউনলোড করতে নিচের QR কোডটি স্ক্যান করুন-

## ঐচ্ছিক রাইডারসমূহ

এই পলিসিটি আপনার জন্য নিয়ে এসেছে কিছু মূল্যবান ঐচ্ছিক রাইডার যা আপনি অতিরিক্ত প্রিমিয়াম প্রদানের মাধ্যমে আপনার মূল পলিসিতে যোগ করতে পারবেনঃ

- **পার্সোনাল অ্যাক্সিডেন্ট কভারেজঃ** এই ঐচ্ছিক রাইডারটি আপনাকে আর্থিকভাবে দুর্ঘটনাজনিত মৃত্যু, দুর্ঘটনাজনিত স্থায়ী পূর্ণাঙ্গ অক্ষমতা এবং অঙ্গহানি থেকে সুরক্ষা প্রদান করবে।
- **ডিজ্যাবিলিটি প্রটেকশন রাইডারঃ** অসুস্থতা বা দুর্ঘটনার কারণে কর্মক্ষমতা সম্পূর্ণ বা স্থায়ীভাবে হারিয়ে গেলে, এই ঐচ্ছিক রাইডার নিচের সুবিধাগুলি প্রদান করবেঃ
  - আপনার ভবিষ্যতের সমস্ত প্রিমিয়াম মওকুফ করা হবে।
  - পলিসির প্রিমিয়াম প্রদানের সময়কালে আপনার সন্তানের শিক্ষার খরচ বাবদ, প্রতিমাসে ফেস অ্যামাউণ্ট এর ১% হারে সুবিধা প্রদান করা হবে।
- **হসপিটাল কেয়ারঃ** দুর্ঘটনা বা অসুস্থতার কারণে আপনি বা আপনার পরিবারের কোন সদস্য হাসপাতালে ভর্তি হলে সাপ্তাহিক সুবিধা প্রদান করা হবে।
- **ক্রিটিক্যাল কেয়ারঃ** বীমা নিরাপত্তার আওতাভুক্ত মারাত্মক রোগের কোনটি যদি পরীক্ষার মাধ্যমে নির্ণীত হয় অথবা উক্ত অসুস্থতার কারণে অস্ত্রোপচারের প্রয়োজন হয় সেক্ষেত্রে আর্থিক সুরক্ষা হিসেবে বাছাইকৃত প্ল্যান অনুযায়ী এককালীন অর্থ প্রদান করা হবে।
- **মেডিকেয়ারঃ** দুর্ঘটনা বা অসুস্থতার কারণে যদি হাসপাতালে ভর্তি থাকতে হয়, তবে আপনি বা আপনার পরিবারের সদস্যকে প্রতিদিন সর্বনিম্ন ১,০০০ টাকা থেকে সর্বোচ্চ ২০,০০০ টাকা প্রদান করা হবে।

এখানে লক্ষণীয় যে, হসপিটাল কেয়ার এবং মেডিকেয়ারের কভারেজ নেওয়া অবস্থায় আপনার মৃত্যু হলে বা কর্মক্ষমতা সম্পূর্ণ বা স্থায়ীভাবে হারিয়ে গেলে (ডিপিআর এর অধীনে), এই সেবাটি অবিলম্বে বন্ধ হয়ে যাবে।

*এই সুবিধাগুলির কারণে আপনার জীবনবীমা নিরাপত্তায় কোন প্রভাব পড়বে না। রাইডারগুলি সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন ।

## অনলাইন প্ল্যাটফর্ম

অনলাইনে আপনার পলিসি সম্পর্কে বিস্তারিত জানতে নিচের QR কোডটি স্ক্যান করে মাই পলিসিতে লগইন করুন:

এছাড়াও আপনি আমাদের 360হেলথ অ্যাপ ডাউনলোড করতে পারেন যেখানে আপনি পলিসি সম্পর্কিত বিস্তারিত তথ্য, প্রিমিয়াম প্রদান, স্বাস্থ্যসেবা এবং পলিসি সংক্রান্ত দাবি জমা দিতে পারবেন। অ্যাপটি ডাউনলোড করতে এই লিংকটি ব্যবহার করুন– metlifebd.online/360h

## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

### এই পলিসিটি কেন কিনব?

আপনি যদি আপনার সন্তানের মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিত করার মাধ্যমে তার ভবিষ্যৎ সুরক্ষিত করতে চান, তবে এই পলিসিটি আপনার জন্য।

### আমি কি এই পলিসি ক্রয়ের জন্য উপযুক্ত?

যদি আপনার বয়স ২১ থেকে ৫৫ বছরের মধ্যে হয় এবং আপনার সন্তানের বয়স ৩০ দিন থেকে ১৫ বছরের মধ্যে হয়, তাহলে আপনি এই পলিসি ক্রয়ের জন্য উপযুক্ত।

### আমি এই পলিসিটি কীভাবে ক্রয় করতে পারি ?

আপনি যদি এই পলিসি ক্রয়ে আগ্রহী হন, তাহলে নিকটস্থ মেটলাইফ এজেন্সি অফিসে গিয়ে ফিনান্সিয়াল অ্যাসোসিয়েটের সঙ্গে পরামর্শ করতে পারেন (অথবা) আপনি আপনার আগ্রহের ব্যাপারে আমাদের ওয়েবসাইট (www.metlife.com.bd/find-agent) গিয়ে জানাতে পারেন ।

### কীভাবে আমি প্রিমিয়ামের অর্থ পরিশোধ করব?

আপনি যদি এই পলিসি ক্রয়ে আগ্রহী হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আবেদন ফরম পূরণ করে প্রথম প্রিমিয়ামের অর্থ পরিশোধ করুন। পরবর্তী প্রিমিয়াম পরিশোধের জন্য **প্রিমিয়াম পেমেন্টের মাধ্যমগুলো সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট (www.metlife.com.bd/support/pay-premium-home/) ভিজিট করুন।**

### এই পলিসিতে বোনাসসমূহ কিভাবে কাজ করে?

এই পলিসিতে দুই ধরণের বোনাস রয়েছে; রিভার্শনারি বোনাস এবং টার্মিনাল বোনাস।

রিভার্শনারি বোনাস প্রতি বছরই ঘোষণা করা হতে পারে এবং পলিসির ফেস অ্যামাউন্ট এর সাথে অতিরিক্ত সংযোজন হিসেবে পলিসির মেয়াদপূর্তিতে পাওয়া যাবে। তবে পলিসিটি প্রত্যর্পণ করলে রিভার্শনারি বোনাসের ক্যাশ ভ্যালু পাওয়া যাবে।

পলিসির মেয়াদ শেষে কোম্পানি টার্মিনাল বোনাস প্রদান করতে পারে। টার্মিনাল বোনাস গ্যারান্টিড নয় এবং যেকোনো সময়ে ঘোষণাকৃত টার্মিনাল বোনাসের হার পরবর্তীতে পরিবর্তন করা হতে পারে। পলিসি প্রত্যর্পণ করা হলে, টার্মিনাল বোনাস পাওয়া যাবে না। এখানে উল্লেখ্য যে, সন্তানের মৃত্যুতে অর্জিত রিভার্শনারি বোনাস এবং সর্বশেষ ঘোষণাকৃত টার্মিনাল বোনাসের হারে বেনিফিশিয়ারি কে বোনাস প্রদান করা হবে।

### কভারেজ সময়কালে আমার অর্থের প্রয়োজন হলে কি করব? আমি কি এই পলিসি থেকে কোন লোন নিতে পারব?

হ্যাঁ। আপনি এই পলিসির নেট ক্যাশ সারেন্ডার ভ্যালুর ৮৫% পর্যন্ত লোন নিতে পারবেন।

### আমি যদি এই পলিসিটি প্রত্যর্পণ করতে চাই তাহলে কোন প্রত্যর্পণ মূল্য পাবো কি?

এই পলিসিটি প্রথম দুই বছরের মধ্যে যেকোনো সময় প্রত্যর্পিত হলে কোন প্রত্যর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোনো সময় প্রত্যর্পণ করা হলে কোন দায় বা লোন থাকলে তা বাদ দিয়ে, বীমাগ্রহীতা বেসিক ক্যাশভ্যালু ও রিভার্শনারি বোনাসের ক্যাশভ্যালু পাবেন। তবে দুই বছর পর প্রত্যর্পণ করলেও পলিসির প্রত্যর্পণ মূল্য জমাকৃত প্রিমিয়ামের চেয়ে কম হতে পারে।

## এই পলিসির অধীনে কীভাবে বীমা দাবি করা যায়?

- আপনার পূরণ করা ক্লেইম ফরমটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় কুরিয়ার করতে পারেন: ক্লেইমস বিভাগ, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী (মেটলাইফ বাংলাদেশ), মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০ বাংলাদেশ অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট /সেলস অফিসে আপনার পূরণকৃত ক্লেইম ফরমটি জমা দিতে পারেন।
- এখন, আমাদের গ্রাহকরা অনলাইনে তাদের ক্লেইম জমা দিতে পারবেন। অনলাইনে আপনার বীমা দাবি জমা দিতে এই লিংকে ভিজিট করুন (eclaims.metlife.com.bd/public/online/individual-claim-submission)
- ক্লেইম সম্পর্কিত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা আপনি আমাদের ওয়েবসাইটে পাবেন-(www.metlife.com.bd/claims/required-documents/)
- এই ঠিকানায় আপনি ইমেইল করতে পারেন-claimsbangladesh@metlife.com.bd

## দায় অস্বীকারমূলক বিবৃতি

- এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলির অধীনে থাকে।
- এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। এই পুস্তিকায় প্রদর্শিত মূল্যসমূহ শুধু উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলীও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে।
- এই পুস্তিকার তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।
- এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবেনা বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।
- যেখানেই ব্যবহৃত হোক "রাইডার" শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি(সমূহ)কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিন্যান্সিয়াল অ্যাসোসিয়েট(দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি(সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে সংযুক্ত রাইডার (যদি থাকে), সেই রাইডার এর মেয়াদপূর্তি হওয়ার তারিখ বা প্রিমিয়াম প্রদানের মেয়াদের শেষ, যেটি আগে হয়, স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সম্পূরক চুক্তি/রাইডার পলিসির মেয়াদকালে বীমা সুরক্ষা দেয় এবং মেয়াদ শেষে কোন মেয়াদপূর্তি মূল্য বা রিটার্ন সরবরাহ করে না।

AWARDED
Superbrands
BANGLADESH'S CHOICE
2023-24

# মেটলাইফ

MetLife, Inc. (NYSE: MET), এর অঙ্গ প্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান ("MetLife") এর সমন্বয়ে বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা তার ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, অ্যানুইটি, গ্রুপ বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। আরো তথ্যের জন্য, www.metlife.com দেখুন।

বাংলাদেশে মেটলাইফ ১৯৯৭ সাল থেকে শীর্ষস্থানীয় জীবনবীমাকারী। কোম্পানিটি বাংলাদেশে ১০ লাখেরও বেশি স্বতন্ত্র গ্রাহক এবং ৮০০-র ও বেশি প্রাতিষ্ঠানিক গ্রাহককে সেবা প্রদান করে চলেছে।

মেটলাইফ বাংলাদেশের জনগণকে উদ্ভাবনীমূলক, গ্রাহক কেন্দ্রিক পণ্য, যেমনঃ ব্যক্তিগত ও গোষ্ঠী জীবনবীমা, পেনশন স্কিম, শিশুদের জন্য শিক্ষা বীমা, শরীয়াহ ভিত্তিক (তাকাফুল) বীমা স্কিম এবং দুর্ঘটনা ও স্বাস্থ্য বীমা পণ্যের মাধ্যমে আর্থিক সুরক্ষা প্রদান করে। এই সমাধানগুলি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে ডিজাইন করা হয়েছে।

নেতৃস্থানীয় জীবনবীমা কোম্পানি হিসেবে মেটলাইফ দেশের বীমা খাত, অর্থনীতি এবং সম্প্রদায়ে ইতিবাচকভাবে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মেটলাইফ বাংলাদেশের অন্যতম বৃহৎ কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং সর্বোচ্চ 'AAA' ক্রেডিট রেটিং অর্জনকারী প্রতিষ্ঠান।

**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪**

**ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd**

**american.life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলিতেও আমাদের সাথে থাকুন :

AS/2023/02/001/MCEPP/JP-20,000